# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র — বিষয় কোড: | ২ | ৯ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ রাকিব সাহেব সদ্য সরকারি চাকরি থেকে অবসরপ্রাপ্ত। তিনি তার অফিস থেকে গ্রাচুইটি বাবদ দশ লক্ষ টাকা পান। তিনি তার টাকার অধিক সুরক্ষার কথা বিবেচনা করে তার উপজেলার স্বাধীন ব্যাংকে টাকাটা জমা রাখার কথা বিবেচনা করছে। ব্যাংকটি অনেক পুরাতন ব্যাংক এবং এর আইনগত ভিত্তি অনেক শক্তিশালী। অন্যদিকে রাকিব সাহেবের ছেলে মি. রেহান তার বাবাকে উপজেলার তিস্তা ব্যাংকে টাকা জমা দিতে বলেন। যদিও ব্যাংকটির শাখার সংখ্যা কম কিন্তু তাদের আধুনিক ব্যাংকিং-এর সকল সেবা আছে। তারা সেবা প্রদানেও অনেক দক্ষ। উল্লেখ্য তিস্তা ব্যাংকের ৫০ শতাংশের বেশি মালিক সাধারণ জনগণ। উভয়ই ব্যাংকই আমানত গ্রহণ ঋণদান কাজে নিযুক্ত।

ক. চেইন ব্যাংক কী? ১

খ. BIS প্রবর্তিত বাসেল ১ ও ব্যাসেল ২ বলতে কী বুঝ? ২

গ. রাকিব সাহেব যে ব্যাংকে টাকা জমা দেয়ার কথা বিবেচনা করছে তা সাংগঠনিক কাঠামো ভিত্তিতে কোন ধরনের ব্যাংক- ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই ধরনের ব্যাংকের মধ্যে তুলনামূলক আলোচনা করো। ৪

২.▶ দেশে দ্রব্র মূল্য দ্রুত বাড়ছে। তাই বাংলাদেশ ব্যাংককে মুদ্রাস্ফীতি রোধে সরকার বিশেষ নির্দেশনা দিয়েছে। বাংলাদেশ ব্যাংক এজন্য CRR ৫% থেকে ৬% এ বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে। এতে ব্যাংকের ঋণদান সামর্থ্য কিছুটা কমলেও তা প্রত্যাশিত না হওয়ায় বাংলাদেশ ব্যাংক বাজারে সুবিধাজনক শর্তে কিছু বন্ড ও বিল বাজারে ছেড়েছে। এতে গ্রাহকদের মধ্যে যথেষ্ট সাড়া পরিলক্ষিত হচ্ছে।

ক. কেন্দ্রিয় ব্যাংক কী? ১

খ. নিকাশ ঘর বলতে কী বুঝ? ২

গ. বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে প্রথমে কোন পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশ ব্যাংকের পরবর্তীতে গৃহীত ব্যবস্থা পরোক্ষ হলেও কার্যকর হবে- এ বক্তব্য কতটা যথার্থ বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ KBC ব্যাংক ডেল্টা লি. কে ১০ লক্ষ টাকা ঋণ অনুমোদন করেছেন এবং সাথে সাথে ডেল্টা লি. কে একটি আমানত হিসাবে খুলতে বলেছে যাতে সে তার হিসাবে ঋণের অর্থ জমা দিতে পারে। পরবর্তীতে ডেল্টা লি. চেকের মাধ্যমে তার হিসাব থেকে ঋণের অর্থ উত্তোলন করে। অন্যদিকে পদ্মা ব্যাংক মি. X এর আমানত হিসাবে টাকা স্থানান্তর করেন। পরবর্তীতে পদ্মা ব্যাংক মি. X এর হিসাবে জমাকৃত টাকা থেকে ২০% জমা রেখে বাকি টাকা মি. Y ঋণ হিসাবে।


ক. বিধিবদ্ধ সঞ্চিতি তহবিল কি? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কিভাবে বিনিময় মাধ্যমে সৃষ্টি করে তা ব্যাখ্যা করো। ২

গ. KBC ব্যাংক কত টাকা ঋণ আমানত সৃষ্টি করতে পারবে? ৩

ঘ. KBC ব্যাংক এক পদ্মা ব্যাংক এর আমানত সৃষ্টির কৌশলের মধ্যে তুলনামূলক বিশ্লেষন করো। ৪

৪. ▶ নিচের ছকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:


ABC ব্যাংক লিমিটেড

XYZ ব্যাংক লিমিটেড SBNO.২৪৫৭

মতিঝিল শাখা অফিস, ঢাকা

——— নিজকে ——— কে বা বাহককে ———

——— পঞ্চাশহাজার টাকা মাত্র ——— প্রদান করুন

SA শহীদ

১০৫৭৮৯১০

P.K.Roy

৫,০০০

Teachingbd.com

শহীদ ৫-১২-১৫ তারিখে চেকটি উপস্থাপন করলে ব্যাংক চেকের অর্থ প্রদানে অস্বীকার করেছে।

ক. হস্তান্তরযোগ্য দলিল কাকে বলে? ১

খ. হুকুম চেক বলতে কী বুঝায়? ২

গ. উল্লিখিত চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা করো। ৩

ঘ. চেকটি প্রত্যাখ্যান হওয়াটা কতটুকু যৌক্তিক বলে তুমি মনে করো। ৪

৫. ▶ জসিম ও নাসির দুই বন্ধু। উচ্চ মাধ্যমিক পরীক্ষা শেষে তারা উপজেলা যুব উন্নয়ন কেন্দ্র থেকে যথাক্রমে পোল্ট্রি ফার্ম ও কম্পিউটারের উপর প্রশিক্ষণ গ্রহণ করে। জসিমের পোল্ট্রি ফার্ম চালু করতে ৫ লক্ষ টাকা এবং নাসিরের কম্পিউটার

http://teachingbd.com

দোকানের জন্য ৬ লক্ষ টাকা প্রয়োজন। তারা নিকটস্থ পেশ ব্যাংকে যোগাযোগ করলে ব্যাংক জসিমকে তার স্থায়ী সম্পত্তির বিপক্ষে ঋণ মঞ্জুর করে এবং বলা হয় যে, সমস্ত ঋণের উপর তাকে সুদ দিতে হবে। অপরদিকে, নাছিরের স্থাবর সম্পত্তি না থাকায় তার চাচা আবদুল করিম ব্যাংককে নাছিরের পক্ষে ঋণ পরিশোধের নিশ্চয়তা দিলে ব্যাংক ঋণ মঞ্জুর করে।


ক. লিয়েন কী? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২

গ. মি. জসিমকে ব্যাংক কোন ধরনের ঋণ মঞ্জুর করেছে? আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে দেশ ব্যাংক যে দুই ধরনের জামানত বিপক্ষে ঋণ মঞ্জুর করেছে তার তুলনামূলক আলোচনা করো। ৪

৬. ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:




মুদ্রার চাহিদা ও যোগান

ক. SWIFT কী? ১

খ. ফ্যাক্টরিং এবং ফোরফেইটিং বলতে কী বুঝ? ২

গ. চিত্রে কোন পদ্ধতিতে বিনিময় হার নির্ধারিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মিন্ট প্যারিটি তত্ত্ব বাদ দিয়ে ক্রয়ক্ষমতা সমতা তত্ত্ব অনুযায়ী বিনিময় হার নির্ধারণ হয়।' উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৪

http://teachingbd.com

৭.▶ জনাব কবির ৪০ বছর একজন সরকারি চাকরিজীবি। নিজ সন্তানের ভবিষ্যৎ ও লেখাপড়ার কথা চিন্তা করে তিনি নিজ নামে ১৫ বছরের একটি জীবন বিমাপত্র গ্রহণ করে। ২টি কিস্তি পরিশোধের পর জনাব কবিরের মৃত্যু হয়। তার স্ত্রী বিমা কোম্পানির কাছে বিমাদাবি পেশ করে।

ক. মৃত্যুহার পঞ্জী কী? ১

খ. কোন বিমা পারিবারিক নিরাপত্তার ব্যবস্থা করে? ২

গ. উদ্দীপকে জনাব কবির কোন ধরনের বিমাপত্র সংগ্রহ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব কবিরের স্ত্রী কী বিমাদাবি পাবার অধিকারী? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৮.▶ মি. মুহিত বিদেশ হতে চিনি আমদানি করেন। প্রিমিয়াম দেয়া অহেতুক মনে করে তিনি ১ম বার বিমা না করায় জাহাজ ডুবিতে তিনি মূলধন হারিয়ে নিঃস্ব হয়ে পড়েন। তাই ২য় বার বিমা করায় দুর্ঘটনায় ক্ষতির বিপক্ষে বিমা কোম্পানি থেকে পাওনা বুঝে নিতে চাইলে পণ্যের মালিকানাসত্ত্ব নিয়ে বিমা কর্তৃপক্ষ প্রশ্ন তোলে এবং প্রমাণ সাপেক্ষে ক্ষতিপূরণ প্রদান করে। এভাবে মি. মুহিত প্রতিবন্ধকতা দূর করে ব্যবসায়কে সচল রেখেছেন।

ক. অগ্নিজনিত নৈতিক ঝুঁকি কী? ১

খ. 'অগ্নি বিমা' হলো ক্ষতিপূরণের চুক্তি'-ব্যাখ্যা করো। ২

গ. মি. মুহিতের ব্যবসায়ে কোন ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমাকারী কর্তৃক ন্যায্য পাওনা বুঝে পেতে উত্তরের স্বপক্ষে তোমার মতামত ব্যক্ত করো। ৪

৯.▶ আলম জাহাজ কোম্পানির ৫টি জাহাজ আছে। তারা সবগুলো জাহাজকে একটি বিমার আওতায় রেখে 'অজান্তা বিমা কোম্পানি এর সাথে ৫ বছরের জন্য একটি চুক্তি করে। চুক্তি অনুযায়ী জাহাজ কোম্পানি প্রতিটি জাহাজ যাত্রার সময় বিমা কোম্পাািকে অবহিত করবে। সম্প্রতি একটি জাহাজ যাত্রার সময় বিমা কোম্পানিকে অবহিত করে এবং জাহাজটি যাত্রাকালে অচল হয়ে পড়ে। তদন্তে প্রমাণিত হয় যাত্রার সময়ই জাহাজটির সমুদ্রে চলাচলের যোগ্যতা ছিল না। জাহাজ কোম্পানি বিমাদাবি উপস্থাপন করে, বিমা কোম্পানি দাবি প্রত্যাখ্যান করে।

ক. জেটিসন কী? ১

খ. নৌ বিমার মূল্যায়িত বিমাপত্র বলতে কী বুঝ? ২

গ. আলম জাহাজ কোম্পানির বিমাপত্রটি কোন ধররে নৌবিমাপত্র ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা কোম্পানির দাবি প্রত্যাখ্যাত কতটা যৌক্তিক মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. প্রত্যয়পত্র ইস্যু করে কে?
ক আমদানিকরক খ রপ্তানিকারক
গ আমদানিকারকের ব্যাংক
ঘ রপ্তানিকারকের ব্যাংক

২. কোন নীতি বাস্তাবয়নে ব্যাংক সরকারকে সহযোগিতা করে?
ক আর্থিক নীতি খ রাজস্ব নীতি
গ বাণিজ্য নীতি ঘ সামাজিক নীতি

৩. কাগজী মুদ্রামান ব্যবস্থায় বিনিময় হার নির্ধারিত হয়—
i. স্বর্ণমান পদ্ধতিতে
ii. ক্রয় ক্ষমতার সমতা তত্ত্বের ভিত্তিতে
iii. চাহিদা ও যোগান তত্ত্বের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ ii ও iii

৪. বাণিজ্যিক ব্যাংক হিসেবে সোনালী ব্যাংকের সাধারণ কার্যাবলি হচ্ছে—
ক অবলেখন খ নিকাশঘর পরিচালনা
গ বৈদেশিক বিনিময় ঘ অর্থ স্থানান্তর

৫. কোম্পানির হিসাব খুলতে নিচের কোনটি সংশ্লিষ্ট নয়?
ক ট্রেড লাইসেন্স খ চুক্তিপত্র
গ নিবন্ধনপত্র ঘ স্মারকলিপি

৬. নিম্নের কোন হিসাবে সুদের হার সবচেয়ে কম হয়?
ক সঞ্চয়ী হিসাবে খ বিশেষ চলতি হিসাবে
গ পেনশন সঞ্চয়ী হিসাবে ঘ স্থায়ী হিসাবে

৭. ব্যাংকের আজ্ঞাপত্র প্রস্তুত করে কে?
ক পাওনাদার খ দেনাদার
গ ব্যাংক ঘ কেন্দ্রীয় ব্যাংক

৮. যে প্রত্যয়পত্রের অধীনে রপ্তানিকারক পণ্য জাহাজীকরণ খরচ, বিমা, শুল্ক ও বহন খরচ অগ্রিম প্রাপ্তির সুযোগ প্রদান করা হয় তাকে কী বলে?
ক সবুজ দফা অগ্রিম প্রত্যয়পত্র
খ লাল দফা অগ্রিম প্রত্যয়পত্র
গ অগ্রিম প্রত্যয়পত্র
ঘ প্রান্তে লিখিত প্রত্যয়পত্র

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
আজমল তার পাওনাদার রাকিন এর নামে ১০ লক্ষ টাকার একখানা চেক প্রদান করেন। বৈধ হওয়া সত্ত্বেও ব্যাংক নগদে টাকা পরিশোধে অপারগতা প্রকাশ করে। তবে ব্যাংক নির্দিষ্ট নিয়ম অনুসরণ করে রাকিনকে টাকা উত্তোলনের পরামর্শ দেন।

৯. উদ্দীপকে উল্লিখিত চেকটি কোন ধরনের ছিল?
ক বাহক চেক খ হুকুম চেক
গ পূর্ববর্তী তারিখের চেক
ঘ দাগকাটা চেক

১০. উদ্দীপকের চেকটির অর্থ রাকিন কীভাবে সংগ্রহ করবেন?
i. অন্যের হিসাবের মাধ্যমে
ii. প্রাপকের হিসাবের মাধ্যমে
iii. আজমল-এর হিসাবের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
দিনাজপুরের জনাব আলী নিজস্ব পুঁজি দিয়ে একটি পাইকারি ব্যবসায় স্থাপন করেন। তিনি স্থানীয় বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপকের পরামর্শ নিয়ে একটি উপযুক্ত ব্যাংক হিসাব খোলেন।

১১. জনাব আলীর জন্য কোন হিসাবটি উপযুক্ত হবে?
ক চেকসহ সঞ্চয়ী হিসাব
খ চেক ছাড়া সঞ্চয়ী হিসাব
গ স্থায়ী হিসাব
ঘ চলতি হিসাব

১২. জনাব আলী তার ব্যাংক হিসাব হতে যে ধরনের সুবিধা পাবেন তা হলো—
i. ব্যাংক চলাকালীন যতবার ইচ্ছা টাকা উঠাতে পারবেন
ii. জমাকৃত অর্থের জন্য সুদ পাবেন
iii. জমাতিরিক্ত ঋণ নেয়া যাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. ব্যক্তিগত দুর্ঘটনা বিমার শ্রেণিবিভাগের মধ্যে পড়ে কোনটি?
ক চৌর্য বিমা
খ পেশাগত ক্ষতিপূরণ বিমা
গ চিকিৎসা ও হাসপাতালের খরচ বিমা
ঘ পণ্য দায় বিমা

১৪. একই বিষয়বস্তুর জন্য একাধিক বিমাপত্র গ্রহণ করা হয় কোন ধরনের বিমায়?
ক যৌথ খ গোষ্ঠি
গ দ্বৈত ঘ পুনঃ

১৫. কোনটি জীবন বিমার বৈশিষ্ট্য নয়?
ক বিমাযোগ্য স্বার্থ খ প্রতিস্থাপন
গ পরম সদ্বিশ্বাস ঘ প্রিমিয়াম

১৬. শস্য বিমার গুরুত্ব হলো—
i. কৃষকদের মধ্যে মিতব্যয়িতার জন্ম দেয়
ii. কৃষকদের আত্মনির্ভরশীল করে তোলে
iii. কৃষকদের সহজে ঋণ প্রাপ্তিতে সহায়তা করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. সোহেল বিমা পলিসি খুলেছেন। শর্ত অনুযায়ী তিনি ১০ বছর নির্দিষ্ট হারে প্রিমিয়াম প্রদান করেছেন। মি. সোহেল এর মৃত্যুর পর তার স্ত্রী বা স্ত্রীর অবর্তমানে উত্তরাধিকারীরা ১২ লক্ষ টাকা পাবে।

১৭. মি. সোহেল কোন ধরনের জীবন বিমাপত্র সংগ্রহ করেছে?
ক মেয়াদি খ বিশুদ্ধ মেয়াদি
গ আজীবন ঘ বৃত্তি

১৮. ক্রেডিট কার্ডের মাধ্যমে করা যায়—
ক বিল আদায় খ অর্থ স্থানান্তর
গ ঋণ পরিশোধ ঘ পণ্য ক্রয়

teachingbd.com

১৯. বিক্রয় বিন্দু সেবার সংশ্লিষ্ট উপকরণ হলো—
i. এটিএম বুথ ii. এটিএম কার্ড
iii. কার্ড একটিভেটেড টারমিনাল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. একটি চেকে কোন বিষয়টি না থাকলেও ব্যাংক টাকা প্রদান করে?
ক হিসাব নম্বর খ অনুমোদন
গ স্বাক্ষর ঘ টাকার অঙ্ক

২১. কোন নীতি বিবেচনায় বাণিজ্যিক ব্যাংক সব সময় ভোল্টে নগদ অর্থ সংরক্ষণ করে?
ক তারল্য খ নিরাপত্তা
গ স্বচ্ছলতা ঘ মিতব্যয়িতা

২২. ATM কার্ড কেন ব্যবহার করা হয়?
ক বিল বাট্টাকরণে খ ঋণ নিয়ন্ত্রণে
গ অর্থ উত্তোলনে ঘ মূলধন গঠনে

২৩. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের নির্বাচনমূলক পদ্ধতি?
ক ব্যাংক হার নীতি খ ঋণের বরাদ্দকরণ নীতি
গ খোলাবাজার নীতি
ঘ জমার হার পরিবর্তন নীতি

২৪. বাণিজ্যিক দলির কোনটি?
ক পে-অর্ডার খ ভ্রাম্যমান নোট
গ ভ্রমণকারী চেক ঘ ভ্রমণকারীর প্রত্যয়পত্র

২৫. কোন ক্ষেত্রে ব্যাংক জামানতকৃত সম্পত্তি বিক্রয় করতে পারে না।
ক জমাতিরিক্ত ঋণে খ সাধারণ পূর্বসত্ত্বে
গ পণ্য বন্ধকে ঘ নগদ ঋণে

২৬. নৌ বিমার ব্যক্ত শর্তাবলী কোনটি?
ক যাত্রার বৈধতা
খ যাত্রার পথ পরিবর্তন না করা
গ নির্দিষ্ট সময়ে যাত্রা
ঘ যাত্রার সুনির্দিষ্ট তারিখ

২৭. অগ্নিজনিত ক্ষতির পরোক্ষ কারণ কোনটি?
ক অসতর্কতা খ অবহেলা
গ ইচ্ছাকৃত অগ্নিসংযোগ
ঘ ত্রুটিযুক্ত নির্মাণ

উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
অতনু একটি প্রতিষ্ঠিত বুটিক হাউজের মালিক। তিনি নতুন যে পোশাকগুলো ডিজাইন করেন সেগুলোর জন্য অগ্নি বিমা করেছিলেন। ১০,০০,০০০ টাকা মূল্যের ডিজাইনগুলো ৮,০০,০০০ টাকায় বিমা করা হয়েছিল এবং অগ্নিকান্ডের ফলে সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়। ধ্বংসের আগে ঐ ডিজাইনগুলোর প্রকৃত মূল্য ছিল ৫,০০,০০০ টাকা।

২৮. বিমা কোম্পানি অতনুকে কত টাকা ক্ষতিপূরণ দেবে?
ক ৫,০০,০০০ খ ৬,৫০,০০০
গ ৮,০০,০০০ ঘ ১০,০০,০০০

২৯. বিমা কোম্পানি কেন অতনুকে ক্ষতিপূরণ দিতে বাধ্য?
ক চূড়ান্ত সদ্বিশ্বাস থাকায়
খ বিমাযোগ্য স্বার্থ থাকায়
গ পক্ষসমূহের যোগ্যতা ছিল বলে
ঘ ক্ষতিপূরণের চুক্তি বলে

৩০. বাণিজ্যিক ব্যাংকের মুখ্য দু'টি কাজ কী?
ক আমানত গ্রহণ ও ঋণদান
খ মূলধন সৃষ্টি ও ব্যবসায় ঋণদান
গ চেক ও ড্রাফট ইস্যুকরণ
ঘ বিল বাট্টাকরণ

৩১. ব্যাংকের প্রথম ও প্রধান কাজ কী?
ক আমানত গ্রহণ খ ঋণদান
গ হিসাব খোলা ঘ মুনাফা অর্জন

উদ্দীপকটি পড়ো এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:
X ব্যাংককে কেন্দ্র করে একটি দেশের মুদ্রাবাজার ও ব্যাংক ব্যবস্থা গড়ে উঠেছে। দেশটির স্থিতিশীল অর্থনৈতিক অবস্থা সৃষ্টিতে এ ব্যাংকটির ভূমিকা বেশি।

৩২. X ব্যাংকটিকে ঐ দেশটির কোন ব্যাংক বলা হয়?
ক বাণিজ্যিক ব্যাংক খ মুদ্রা প্রচলনকারী ব্যাংক
গ কেন্দ্রীয় ব্যাংক ঘ সরকারি ব্যাংক

৩৩. দেশটির স্থিতিশীলতা রক্ষায় X ব্যাংকের ভূমিকা বেশি হবার যৌক্তিকতা হলো—
i. মুদ্রাবাজার ও সরকারকে নিয়ন্ত্রণকারী
ii. মুদ্রা মান ও বৈদেশিক মুদ্রা সংরক্ষণকারী
iii. ঋণ নিয়ন্ত্রণকারী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. বৈদেশিক মুদ্রার দাম বাড়লে—
i. দেশিয় মুদ্রা বিদেশে সস্তা হয়
ii. বিদেশে দেশিয় দ্রব্যের ভোগের পরিমাণ বাড়ে
iii. দেশিয় দ্রব্যের রপ্তানি বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. ব্যাংকের নিজস্ব মূলধনের প্রথম ও প্রধান উৎস কোনটি?
ক বিধিবদ্ধ রিজার্ভ
খ পরিশোধিত মূলধন
গ কেন্দ্রীয় ব্যাংক থেকে গৃহীত ঋণ
ঘ সাধারণ সঞ্চিতি তহবিল

৩৬. মি. রহিম বিপুলকে একটি চেক প্রদান করে। পরবর্তীতে বিপুল চেকটি ব্যাংকে জমাদান করে। এক্ষেত্রে অনুমোদনকারী কে?
ক মি. রহিম খ বিপুল
গ ব্যাংক ঘ ব্যাংক ক্যাশিয়ার

৩৭. কমপক্ষে কত বছর উত্তীর্ণ না হলে সম্পূর্ণ মূল্য প্রদান করা হয় না?
ক ১ বছর খ ২ বছর
গ ৩ বছর ঘ ৪ বছর

৩৮. 'যন্ত্রপাতি বিক্রয়ের মাধ্যমে প্রাপ্ত ১০ লাখ টাকার মালিকানাস্বত্ব কে পাবেন?
ক বিমাকারি খ বিমাগ্রহীতা
গ বিমা প্রতিনিধি ঘ জাহাজ কর্তৃপক্ষ

৩৯. 'মৃত্যুহার পঞ্জি' কোন বিমার সাথে সম্পৃক্ত?
ক নৌ বিমা খ অগ্নিবিমা
গ দুর্ঘটনা বিমা ঘ জীবন বিমা

৪০. নৌ বিমায় কোনটি প্রাকৃতিক বিপদ?
ক ঘূর্ণিঝড় খ জলদস্যু
গ যুদ্ধ জাহাজ ঘ বিস্ফোরণ

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ |
| ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ক | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com